

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৯.১৫.১৬

তারিখ: ২৫ পৌষ ১৪২৪  
০৮ জানুয়ারি ২০১৮

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ রায়হান শাহরিয়ার বিন খলিল, প্রভাষক (কম্পিউটার), সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ খুলনা গত ২০/০৮/২০১৪ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি বিধি অনুযায়ী তদন্ত করা হয়। তদন্তে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(সি) মোতাবেক ‘অসদাচরণ’ এবং ‘ডিজারশন’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়েছে;

সেহেতু, আপনি জনাব মোহাম্মদ রায়হান শাহরিয়ার বিন খলিল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ প্রমাণ হওয়ায় কেন উক্ত বিধিমালার ৪(৩)(ডি) অনুসারে আপনাকে “চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” দণ্ড বা অন্য কোন দণ্ড দেয়া হবে না তার জবাব একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। এতৎসঙ্গে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের একটি কপিও যুক্ত করা হলো।

স্বাক্ষরিত/-

তারিখ: ০৪.০১.২০১৮  
(মোঃ সোহরাব হোসাইন)  
সচিব

সংযুক্ত: প্রতিবেদন ০৩ (তিন) পাতা।

স্থায়ী ঠিকানা:

জনাব মোহাম্মদ রায়হান শাহরিয়ার বিন খলিল  
গ্রাম-সিকদার মল্লিক, ডাকঘর-জুজ খোলা  
উপজেলা+জেলা- পিরোজপুর।

বর্তমান কর্মস্থল:

জনাব মোহাম্মদ রায়হান শাহরিয়ার বিন খলিল, প্রভাষক (কম্পিউটার),  
সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ খুলনা।


স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৯.১৫.১৬/১(২)

তারিখ: ২৫ পৌষ ১৪২৪  
০৮ জানুয়ারি ২০১৮

বিতরণ:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
০৬/০১/২০১৮  
(জাকিয়া খানাম)  
যুগ্মসচিব